

২০১৯

বাংলা (স্নাতকোত্তর)

পাঠপর্ষায় - ১

পাঠমালা - ১০৩

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘন্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ - প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

বিভাগ - 'ক'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪X২=৮

১. জয়দেবের কাব্যের নাম কী? এই কাব্যে কতগুলি সর্গ রয়েছে? দু'টি সর্গের নাম লেখো।  $১ + \frac{১}{২} + \frac{১}{২}$
২. প্রাকৃতপৈঙ্গলের সময়কাল ও সংকলন স্থান উল্লেখ করো।  $১ + ১$
৩. 'সুভাষিত রত্নকোষ'-এর অপর নাম কী? কে এই নামে অভিহিত করেছিলেন?  $১ + ১$
৪. গোবর্দ্ধনের প্রকীর্ণ কবিতা সংকলনটির নাম কী? এতে কতজন কবির কবিতা সংকলিত হয়েছিল?  $১ + ১$
৫. ১৯১৬ সালে চর্যাগীতিগুলি কোন গ্রন্থে প্রকাশিত হয়? ঐ গ্রন্থে আর কী কী প্রকাশিত হয়েছিল?  $১ + ১$
৬. চর্যার ছন্দের দু'টি বৈশিষ্ট্য লেখো।  $২$
৭. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের প্রথম দু'টি ও শেষ দু'টি খণ্ডের নাম লেখো।  $১ + ১$
৮. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কোথা থেকে পাওয়া গিয়েছিল? কাব্যের লিপিকারের নাম লেখো।  $১ + ১$

(২)

বিভাগ - 'খ'

যে কোনও চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪ X ৪ = ১৬

১. টীকা লেখো : 'সরহ পাদ'  $৪$
২. টীকা লেখো : চর্যাগীতির ভাষা  $৪$
৩. 'পততি পত্রে বিচলিত পত্রে...' - শ্লোকটির অর্থ বিশ্লেষণ করো।  $৪$
৪. 'শ্রীকৃষ্ণকীর্তন'র বৃহত্তম খণ্ড কোনটি? এর বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।  $৪$
৫. 

ওগগর ভত্তা	রম্ভঅ পত্তা।
গায়িক ঘিত্তা	দুধ্গ সজুত্তা।।
মোইনি মচ্ছা	নালিচ গচ্ছা।
দিজ্জই কত্তা	খাই পুণবত্তা।।

—আধুনিক বাংলায় লেখো।  $৪$
৬. 'সদুক্তিকর্ণামৃতে'র ক'টি প্রবাহ? এ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।  $১+৩$
৭. বড়াই চরিত্রটি কোন কাব্যের? চরিত্রটির উপযোগিতা সংক্ষেপে বিশ্লেষণ করো।  $১ + ৩$
৮. চর্যাগীতির ঐতিহাসিক গুরুত্ব বিচার করো।  $৪$

বিভাগ - 'গ'

যে কোনো দু'টি প্রশ্নের উত্তর লেখো।

২ X ৮ = ১৬

১. 'গীতগোবিন্দম্' কাব্যের প্রথম, পঞ্চম ও দশম সর্গের নামোল্লেখ করে সর্গগুলির বিষয়বস্তু আলোচনা করো।  $৮$
২. 'টালত মোর ঘর...' পদটি কার লেখা? পদটির ভাববস্তু বিশ্লেষণ করো।  $১+৭$
৩. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের কৃষ্ণচরিত্র সম্পর্কে আলোচনা করো।  $৮$

8. পাঠ্যশ্লোক অবলম্বনে প্রাকৃতপৈঙ্গলের বিষয়বস্তু সম্পর্কে যে ধারণা পাওয়া যায়, তার বিবরণ দাও।

৮

আভ্যন্তরীণ মূল্যায়ন - ১০